

শব্দত্রয়

তোমাকে বলার বাসনায় প্রতিদিন
শব্দত্রয় আমার কণ্ঠে এসে জড়ো হয়, তারপর ফুল স্টপ।

বলা হয় না; তোমারও শোনা হয় না
এভাবে চলে যায় দিন-প্রতিদিন।

আমি এতো কথা বলি,
মনে হয় পৃথিবীতে সবচেয়ে বেশি বলি
কখনো সার্জিয়ে; কখনো এলোমেলো।

বলা হয় না তোমাকে
আমার যা থাকে বলার।

যখনই তোমাকে দেখি
শব্দত্রয় হয়ে পড়ে অস্পষ্ট,
কাকতালীয়ভাবে আমার স্রবশব্দত্রয়ের মাঝে।

বলা হয় না; তোমাকে জানা হয় না।

যা তোমাকে বলার :
”আমি তোমাকে ভালবাসি।”

Javed Akter

Email: man_chitro@yahoo.com